

কুড়িগ্রাম-পঞ্চগড়ে ৫% বই এসেছে

বঞ্চিত হচ্ছে উত্তরের দুই জেলার শিক্ষার্থী

রংপুর অফিস

০১ জানুয়ারি,
২০২৫ ০০:০০

শেয়ার

অ +

অ -



নতুন বইয়ের পর্যাপ্ত সরবরাহ না থাকায় রংপুর বিভাগের আট জেলায় গড়ে ৪৪ শতাংশ বই পেলেও কুড়িগ্রামে ও পঞ্চগড়ে জেলায় মাত্র ৫ শতাংশ বই এসেছে। ফলে নতুন বছরের প্রথম দিনে এই দুই জেলার জেলার শিক্ষার্থী নতুন বইয়ের সুস্থান

থেকে বঞ্চিত হবে। ফলে উৎসবে ছেদ পড়বে এখানে। কর্তৃপক্ষ জানিয়েছে, নতুন বই আসা মাত্রাই শিক্ষার্থীদের বিতরণ করা হবে।

তবে কবে নাগাদ সেই বই আসবে তা নিশ্চিত নয় তারা।

রংপুর বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস জানিয়েছে, বিভাগের আট জেলায় এক কোটি ১৮ লাখ ৮০ হাজার বইয়ের চাহিদা থাকলেও গতকাল মঙ্গলবার পর্যন্ত সংশ্লিষ্ট জেলাগুলোতে বই এসেছে ৫১ লাখ ৭৮ হাজার ৭০টি। গড়ে ৪৪ শতাংশ বই এসেছে। এখনো ৫৬ শতাংশ বই মেলেনি।

বিভাগের আট জেলায় প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীর সংখ্যা ২৯ লাখ ৮০ হাজার ৮৭১ জন। এর মধ্যে গাইবান্ধায় পাঁচ লাখ ২৬ হাজার ৩৮৯, লালমনিরহাটে দুই লাখ ১৯ হাজার ৬৩০, নীলফামারীতে চার লাখ ৩৪ হাজার ২৯৯, দিনাজপুরে চার লাখ ৩৪ হাজার ৫২৮ ও ঠাকুরগাঁওয়ে দুই লাখ ৫৩ হাজার ৯২৯টি বইয়ের প্রয়োজন। এ ছাড়া রংপুরে পাঁচ লাখ ৩৯ হাজার ৬০৯, পঞ্চগড়ে এক লাখ ৬৯ হাজার ৩৩১, কুড়িগ্রামে তিন লাখ ৫২ হাজার ১৭২ জন শিক্ষার্থী রয়েছে। এসব শিক্ষার্থীর জন্য প্রয়োজন এক কোটি ১৮ লাখ ৮০ হাজার ১৫৭টি বই।

রংপুর জেলায় ৭৫ শতাংশ, ঠাকুরগাঁওয়ে ৫২ শতাংশ, নীলফামারীতে ৪১.৩৯ শতাংশ, লালমনিরহাটে ৯২ শতাংশ, গাইবান্ধায় ৩৯.৯৯ শতাংশ, দিনাজপুরে ২৫ শতাংশ বই পেলেও পঞ্চগড়ে ৫ শতাংশ ও কুড়িগ্রামে ৫.৯৪ শতাংশ বই পেয়েছে সংশ্লিষ্ট শিক্ষা অফিস।

জানা গেছে, রংপুর বিভাগের আট জেলায় প্রাক-প্রাথমিক থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত কিছু বই এলেও গতকাল পর্যন্ত চতুর্থ ও পঞ্চম শ্রেণির বেশির ভাগ বই আসেনি।

একাধিক শিক্ষক নাম প্রকাশ না করে বলেন, নতুন বইয়ের প্রতি শিক্ষার্থীদের খুব আগ্রহ থাকে। নতুন বই নিয়ে তারাও বেশ ক্লাসেও আছে। কিন্তু বছরের শুরুতে বই না পেলে কোমলমতি শিক্ষার্থীদের মনে যে আনন্দ থাকে, সেটা কিছুটা ভাটা পড়বে।

অনেকে ক্লাসমুখী হতে চাইবে না।

প্রাথমিক শিক্ষার রংপুর বিভাগীয় উপপরিচালক মো. আজিজুর রহমান বলেন, ‘আমরা যেসব বই পেয়েছি তা শিক্ষার্থীদের
মধ্যে জানুয়ারির প্রথম দিনই বিতরণ করা হবে। অন্য বই যখনই আসবে তখনই বিতরণ করা হবে।’